শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন।

# পীরগঞ্জ উপজেলা পরিষদ
## পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
## https://pirganj.thakurgaon.gov.bd

স্মারক নং- ৪৬.৫৫.৯৪৮২.০০৪.০৬.০০১.২৪-২৮

তারিখ: ০২ বৈশাখ ১৪৩১
১৫ এপ্রিল ২০২৪

## "নোটিশ"

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পীরগঞ্জ উপজেলা পরিষদের এপ্রিল ২০২৪ খ্রিঃ মাসের মাসিক সভা আগামী ২৫-০৪-২০২৪ খ্রিঃ তারিখ রোজ- বৃহস্পতিবার, সকাল ১১:০০ ঘটিকায় উপজেলা পরিষদ সভা কক্ষে উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হবে।

সভায় আপনাকে কার্যপত্রসহ যথা সময়ে উপস্থিত হওয়ার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্য সূচি :

১। এডিপিসহ বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের অগ্রগতি ও বাস্তবায়ন সম্পর্কে আলোচনা।
২। বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা ও
৩। বিবিধ।

স্বাক্ষরিত/-
(মোঃ রমিজ আলম)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
পীরগঞ্জ উপজেলা পরিষদ
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

বিতরণ : কার্যার্থে :

১। ............................................................, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

২। চেয়ারম্যান ....................................................., (সকল) ইউ.পি, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

৩। .......................................................................।

স্মারক নং- ৪৬.৫৫.৯৪৮২.০০৪.০৬.০০১.২৪-২৮

তারিখ: ০২ বৈশাখ ১৪৩১
১৫ এপ্রিল ২০২৪

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য-৫, ঠাকুরগাঁও-৩।
২। জেলা প্রশাসক, ঠাকুরগাঁও।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
৪। ভাইস-চেয়ারম্যান/মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
৫। অফিস কপি।

১৫/০৪/২০২৪
(মোঃ রমিজ আলম)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
পীরগঞ্জ উপজেলা পরিষদ
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

মোঃ শফিকুল ইসলাম রাজিব, সি.এ./উপজেলা পরিষদ কার্যালয়/পীরগঞ্জ/ঠাকুরগাঁও/মাসিক সভার নোটিশ/উমাস/এপ্রিল ২০২৪

উপস্থিত উপদেষ্টা মন্ডলী :

১. জনাব হাফিজুদ্দীন আহমেদ
মাননীয় জাতীয় সংসদ সদস্য-৫, ঠাকুরগাঁও-৩ →

২. জনাব মো: ইকরামুল হক, মেয়র, পীরগঞ্জ পৌরসভা →

৩. জনাব সুকুমার রায়, ভাইস চেয়ারম্যান, উপ: পরি: →

৪. জনাব ভারতী রানী রায়, মহিলা ভাইস চেয়ারম্যান →

ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণের স্বাক্ষর

১. চেয়ারম্যান, ১ নং ভোমরাদহ ইউ.পি. → পক্ষে

২. চেয়ারম্যান, ২ নং কোশারাণীগঞ্জ ইউ.পি. →

৩. চেয়ারম্যান, ৩ নং খনগাঁও ইউ.পি. →

৪. চেয়ারম্যান, ৫ নং সৈয়দপুর ইউ.পি. →

৫. চেয়ারম্যান, ৬ নং পীরগঞ্জ ইউ.পি. →

৬. চেয়ারম্যান, ৭ নং হাজীপুর ইউ.পি. →

৭. চেয়ারম্যান, ৮ নং দৌলতপুর ইউ.পি. →

৮. চেয়ারম্যান, ৯ নং সেনগাঁও ইউ.পি. →

৯. চেয়ারম্যান, ১০ নং জাবরহাট ইউ.পি. →

১০. চেয়ারম্যান, ১১ নং বৈরচুনা ইউ.পি. →

তারিখ: ২৫-০৪-২০২৪ ৩৭
সময়: ১১-০০টা

উপস্থিত কর্মকর্তা ও অন্যান্যবৃন্দের স্বাক্ষর:

| ক্রমিক নং | নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ১। | বিপ্লব কুমার... [illegible] | [স্বাক্ষর] |
| | মোঃ মোঃ [illegible] | [স্বাক্ষর] 25.4.24 |
| ২। | ডাঃ বনবিহারী চন্দ্র সিংহ UHO, পীরগঞ্জ | [স্বাক্ষর] |
| ৩। | মোঃ রাকিব হোসেন URDO পীরগঞ্জ | [স্বাক্ষর] |
| ৪। | [illegible] USSO | [স্বাক্ষর] |
| ৫। | মোঃ খালেদ মোশাররফ SUFO | [স্বাক্ষর] ২৫.০৪.২৪ |
| ৬. | [illegible] সরকার, পাঃঅঃ, UAO — | [স্বাক্ষর] |
| ৭। | এম. এম. আজিম উদ্দিন, UDF-UGDP- | [স্বাক্ষর] ২৫.৪.২৪ |
| ৮। | মোছাঃ মুন্নি আক্তার তথ্যসেবা কর্মকর্তা তথ্যকেন্দ্র | [স্বাক্ষর] |
| ৯। | মোঃ আরিফুল্লাহ, USEO, পীরগঞ্জ | [স্বাক্ষর] ২৫/৪/২৪ |
| ১০। | শর্মিষ্ঠা রানী, উপজেলা প্রশিক্ষক উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয় | Sarmistha ২৫/০৪/2024 |
| ১১। | মোঃ [illegible] আলী উপ-সহকারী প্রকৌশলী | [স্বাক্ষর] 25.04.24 |
| ১২। | [illegible] রায় উপজেলা পরিসংখ্যান অফিসার | [স্বাক্ষর] ২৫/০৪/২৪ |
| ১৩। | মির্জা মনোয়ার হোসেন উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | [স্বাক্ষর] ২৫/৪/২৪ |
| ১৪। | মোঃ [illegible] [illegible] পল্লী বিদ্যুৎ সমিতি | [স্বাক্ষর] ২৫/৪/২৪ |
| ১৫। | আলমগীর মোঃ রুহুল ইসলাম সহকারী প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী, পীরগঞ্জ | [স্বাক্ষর] ২৫.০৪.২৪ |
| ১৬। | উপজেলা প্রাঃ শিঃ অফিসার — | পক্ষে, [illegible] ২৫/০৪/২৪. |
| ১৭. | মোঃ মোঃ [illegible] প্রশাসনিক কর্মকর্তা. ইউএনও অফিস | [স্বাক্ষর] ২৫/৪/২৪ |
| ১৮. | মোছাঃ জিন্নাতারা ইয়াসমিন উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | [স্বাক্ষর] 25.04.24 |

১৯, আহমেদ খোমেন উপজেলা মৎস্য কর্মকর্তা

২০. মো: হাবিবুর ইসলাম, UEO

২১. সুমিত গুপ্ত, AP

২২ মো: [illegible] ([illegible]) [illegible]

২৩. রবীন্দ্রনাথ রায় oclsd জোমাদার

২৪. মোঃ মেহেদী হাসান — SAE, DPHE

২৫. মো: জাহাঙ্গীর আলম, P.I.O.

| শেখ হাসিনার দর্শন বাংলাদেশের উন্নয়ন। |
|---|

# উপজেলা পরিষদ পীরগঞ্জ, ঠাকুরগাঁও'র এপ্রিল ২০২৪ খ্রিঃ মাসের মাসিক সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ মোঃ আখতারুল ইসলাম
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

তারিখ ঃ ২৫-০৪-২০২৪ খ্রিঃ

সময় ঃ সকাল ১১:০০ টা।

স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ।

**পরিশিষ্ট - 'ক'**- সভায় উপস্থিত সদস্য বৃন্দ, **পরিশিষ্ট - 'খ'**- সভায় অনুপস্থিত সদস্য বৃন্দ, **পরিশিষ্ট - 'গ'**- উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের ৬ষ্ঠ পর্যায়ের (২০২১-২০২২) অর্থায়নে উপ-প্রকল্পের বিল বিবরণী

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর সভাপতি সভার কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার সভার শুরুতে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। কার্যবিবরণীতে কোনরূপ সংশোধন বা বিয়োজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। অতঃপর বিভিন্ন বিভাগের উন্নয়নমূলক কার্যক্রম বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয় :

<table>
<tr><th>ক্রঃ নং</th><th>বিভাগের নাম</th><th>আলোচ্য বিষয়</th><th>সিদ্ধান্ত/বাস্তবায়নকারী কর্তৃপক্ষ</th><th>বাস্তবায়নকারী কর্তৃপক্ষ</th></tr>
<tr><td>০১</td><td>উপজেলা প্রকৌশল বিভাগ</td><td>উপজেলা প্রকৌশলী'র প্রতিনিধি সভায় জানান যে, নিম্নোক্ত প্রকল্পসমূহ রাজস্ব তহবিল হতে বরাদ্দ প্রদানসহ অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়।
<table>
<tr><th>ক্রঃ নং</th><th>প্রকল্পের নাম</th><th>প্রাক্কলিত মূল্য</th></tr>
<tr><td>১</td><td>উপজেলা পরিষদ চেয়ারম্যানের অফিস ভবন মেরামত</td><td>১১,০০,০০০/-</td></tr>
<tr><td>২</td><td>উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন মেরামত</td><td>৮,২৪,২৬৭/-</td></tr>
<tr><td>৩</td><td>উপজেলা পরিষদের টাংগন ভবন মেরামত</td><td>১৫,০০,০০০/-</td></tr>
<tr><td>৪</td><td>উপজেলা পরিষদের কৃষি ভবন মেরামত</td><td>১৫,০০,০০০/-</td></tr>
<tr><td>৫</td><td>উপজেলা পরিষদের ছায়ানীড় ভবন মেরামত</td><td>১০,০০,০০০/-</td></tr>
<tr><td>৬</td><td>উপজেলা পরিষদের সীমানা প্রাচীর মেরামত</td><td>১০,০০,০০০/-</td></tr>
<tr><td colspan="2">সর্বমোট =</td><td>৬৯,২৪,২৬৭/-</td></tr>
</table>
উক্ত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে সংশ্লিষ্ট সকলে একমত পোষণ করেন এবং প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ জানান।</td><td>উক্ত প্রকল্পসমূহ অনুমোদন করা হলো এবং প্রয়োজনীয় সকল ডকুমেন্টস স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় বরাবর প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হলো।</td><td>উপজেলা প্রকৌশলী পীরগঞ্জ।</td></tr>
<tr><td>০২</td><td>উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ বিভাগ</td><td>উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা সভায় জানান যে, জরুরী বিভাগে সেবা প্রাপ্ত মোট রোগীর সংখ্যা ৮৪২ জন, বহিঃ বিভাগে সেবা প্রাপ্ত মোট রোগীর সংখ্যা ৫,৩৫৮ জন, অন্তঃ বিভাগে সেবা প্রাপ্ত মোট রোগীর সংখ্যা ১,১৫৮ জন, নরমাল ডেলিভারীর সংখ্যা ৮০ টি, এ.এন.সি. সেবা প্রদান করা হয়েছে ৫৩০ জনকে, পি.এন.সি. সেবা প্রদান করা হয়েছে ২৫৫ জনকে। ডায়রিয়া বা অজ্ঞাত রোগের প্রাদুর্ভাব নাই। তিনি আরও জানান, উপজেলায় ১০ টি ইউনিয়নে মোট ২৮ টি কমিউনিটি ক্লিনিক চালু রয়েছে। কমিউনিটি ক্লিনিকসমূহে যথেষ্ট পরিমাণে ঔষধ সরবরাহ রয়েছে। মাঠ পর্যায়ে EPI কাজের অর্জন ১০০%।</td><td>হাসপাতাল দালালমুক্তসহ ও বিভিন্ন রকম ওষুধ কোম্পানীর প্রতিনিধিকে নিরুৎসাহিত করণের বিষয়ে প্রয়োজনীয় কার্যকর উদ্যোগ গ্রহণ করতে হবে এবং সেবার মান বৃদ্ধি করতে হবে।</td><td>উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, পীরগঞ্জ।</td></tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| ০৩ | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পঃ পঃ কর্মকর্তা'র প্রতিনিধি সভায় জানান যে, তাঁর দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তাঁর দপ্তরের কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন নিম্নরূপ ঃ<br>(১) সক্ষম দম্পতি- ৫১,২৭৫ জন, (২) মোট গ্রহণকারী- ৪০,৭৯২ জন, (৩) খাবার বড়ি - ২৩,১৯৯ জন (৪) কনডম- ২,১৪২ জন (৫) ইনজেকটেবলস্ (ভায়াল)- ৮,১৪০ (৬) আইইউডি- ২১ (৭) ইমপ্ল্যানন- ৫২ (৮) স্থায়ী পদ্ধতি (পুরুষ)- ০০ জন (৯) স্থায়ী পদ্ধতি (মহিলা)- ০২ জন (১০) মোট ব্যবহারকারী- ৩৭,৩৩৪ জন (১১) পদ্ধতি গ্রহণকারীর হার- ৭৯.৫৫% (১৪) মোট জনসংখ্যা- ২,৪৩,৫৩৫ জন (আদমশুমারী অনুযায়ী)। | শিশু জন্মের ৪৫ দিনের মধ্যে অবশ্যই জন্ম নিবন্ধন করার বিষয়ে জনসচেতনতা বাড়াতে হবে এবং প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ১) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ২) উপজেলা প্রকৌশলী ৩) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, (সকল) পীরগঞ্জ। |
| ০৪ | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, পীরগঞ্জ উপজেলায় রবি মৌসুমে ২০২৩-২৪ অর্থ বছররে খরিপ-১ মৌসুমে ফসলের কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়েছে। মাঠ পর্যায়ে কৃষি বিভাগ এর উপসহকারী কৃষি অফিসারগণ উঠান বৈঠক ও লিফলেট বিতরণ এবং পরামর্শ প্রদান করে যাচ্ছে। খরিপ-১ মৌসুমে আউশ ও পাট বীজ প্রণোদনার আওতায় পীরগঞ্জ উপজেলায় আউশ ধান ৫,০০০ জন ও পাট,বীজ ৬০০ জন চাষীর মধ্যে সার ও বীজ বিতরণ করা হয়েছে। ইতমধ্যে ১৬০ টি গ্রীস্মকালীন পেঁয়াজ বরাদ্দ পাওয়া গেছে। কৃষক নির্বাচন কাজ চলছে। বিএডিসি হতে বীজ ও সার প্রাপ্তি সাপেক্ষে বিতরণ করা হবে। এডিপি হতে উপ-প্রকল্পের বরাদ্দ নেয়ার অনুরোধ করা হলো।<br>উল্লেখ্য যে প্রচন্ড তাপদাহে কৃষকদেরকে মাঠে যাওয়ার সময় ছাতা ও পানির বোতল সঙ্গে বা সাথে নিয়ে যাওয়ার পরামর্শ প্রদান করা হচ্ছে। বোরো ধান ও বিভিন্ন ফসলের জমিতে নিয়মিত সেচ প্রদান করার জন্য কৃষকদের পরামর্শ প্রদান করা হচ্ছে। ফসলে স্প্রে বিকাল ৪ টার পরে করার পরামর্শ প্রদান করা হচ্ছে । এছাড়াও বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে। | উপজেলা কৃষি কর্মকর্তা, পীরগঞ্জ। |
| ০৫ | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় সকল কার্যক্রম- চিকিৎসা, টিকা প্রদান, কৃত্রিম প্রজনন, প্রশিক্ষণ, উঠান বৈঠক ও অন্যান্য সম্প্রসারণ কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।<br>১। গবাদি পশুর চিকিৎসা = ২,৬৮৪ টি<br>২। হাঁস-মুরগীর চিকিৎসা = ১২,৩৮১ টি<br>৩। গবাদি পশুর টিকা প্রদান = ৩,০০০ টি<br>৪। হাঁস- মুরগীর টিকা প্রদান = ৩০,০০০ টি<br>৫। কৃত্রিম প্রজনন = ১,১১০ টি<br>৬। খামারী প্রশিক্ষণ = ৩৩০ জন<br>৭। উঠান বৈঠক = ০৫ টি<br>৮। ফ্রি ভেটেরিনারি মেডিকেল ক্যাম্প প্রদান = ০১<br>৯। খামার/ফিডমিল/হ্যাচারী পরিদর্শন = ১০ টি।<br>গত ২০ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিঃ তারিখ হতে সারাদেশে একযোগে ডিজিটাল প্রাণিসম্পদ খানা জরীপ ২৫ মার্চ শেষ হয়েছে এবং ৫৫,১১৯ টি খানা জরীপের আওতায় এসেছে। দেশের কিছু কিছু জায়গায় লাম্পি স্কিন ডিজিজ দেখা দিয়েছে। এ রোগের টিকা নেওয়ার জন্য সকলকে অবহিত করতে হবে। অন্যান্য দাপ্তরিক কার্যক্রমসমূহ স্বাভাবিকভাবে চলছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, পীরগঞ্জ। |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৬ | উপজেলা মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, এপ্রিল ২০২৪ খ্রিঃ মাসে ১৯ (উনিশ) জন মৎস্য চাষিকে আধুনিক মাছ চাষ প্রযুক্তি বিষয়ক ও ০৫ (পাঁচ) জন মৎস্য চাষিকে রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধে মৎস্য খামার ও পুকুর পরিদর্শনপূর্বক পরামর্শ প্রদান করা হয়। টাংগন নদীর জলজ জীববৈচিত্র্য (Aquatic Biodiversity), বাস্তুতন্ত্র (Ecosystem) ও মাছ রক্ষার্থে সাগুনি রাবার ড্যাম ব্যবহারের সময় (সেচ কাজে) নদীর ভাটি অঞ্চলে (Down Stream) পানি ধারক স্তরের নিরাপদ সীমা (Standard Water Mark) বজায় রাখতে এলজিইডি দ্বারা পরিচালিত সাগুনি রাবার ড্যামের সুফলভোগী দলের অপারেটরকে উপজেলা নির্বাহী অফিসার মহোদয় নির্দেশ প্রদান করেন। মাছের অবাধ বিচরণ নির্বিঘ্ন রাখার লক্ষ্যে চায়না দুয়ারী জালসহ সকল অবৈধ জাল/অবকাঠামো (Fixed Engine) অপসারণ বিষয়ে আলোচনা হয়। বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে। | উপজেলা মৎস্য কর্মকর্তা, পীরগঞ্জ। |
| ০৭ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানসমূহ গত ২১-০৪-২০২৪ খ্রিঃ খোলার কথা ছিল। কিন্তু প্রচন্ড গরম ও তাপদাহের কারণে শিক্ষা প্রতিষ্ঠানের ছুটি ০৭ দিন বৃদ্ধি করা হয়েছে। জাতীয় শিক্ষা সপ্তাহ উপজেলা পর্যায়ের গত ২২-০৪-২০২৪ খ্রিঃ তারিখ উদযাপনের সময় পরিবর্তন করে আগামী ২৮-০৪-২০২৪ থেকে ২৯-০৪-২০২৪ খ্রিঃ পর্যন্ত নির্ধারণ করা হয়েছে। জরুরী কাজ ছাড়া শিক্ষার্থীরা যেন ঘরের বাহিরে কোচিং সেন্টার) না যায়, এই বিষয়ে সকল সহকর্মী ও ইউ.পি. চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হলো। এছাড়াও বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সার্বজনীন পেনশন স্কিম বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, পীরগঞ্জ। |
| ০৮ | উপজেলা শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, তীব্র তাপ প্রবাহের ফলে ২১ এপ্রিল ২০২৪ এর পরিবর্তে ২৮ এপ্রিল ২০২৪ খ্রি. তারিখে বিদ্যালয় শিক্ষা কার্যক্রম শুর হবে। অনলাইন বদলী কার্যক্রম চলমান রযেছে। আন্তঃ উপজেলা বদলী কার্যক্রম ১৮ এপ্রিল ২০২৪ খ্রিঃ শেষ হয়েছে। ২২ এপ্রিল ২০২৪ খ্রিঃ তারিখ হতে আন্তঃ উপজেলা বদলী কার্যক্রম শুরু হয়েছে এবং ০৫-০৫-২০২৪ খ্রিঃ তারিখে শেষ হবে। ইনোভেশন আইডিয়া ও সেবা সহজীকরণ শোকেশিং -২০২৪ খ্রিঃ এ জেলা পর্যায়ে পীরগঞ্জ উপজেলা শিক্ষা অফিস দ্বিতীয় স্থান অধিকার করেছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, পীরগঞ্জ। |
| ০৯ | উপজেলা সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, ভিক্ষুক পূর্ণবাসন জরীপে অনেক ভিক্ষুকের জরীপ সংযোজিত হয়নি। উক্ত বিষয়ে চেয়ারম্যানগণের সহযোগিতা চাওয়া হয়। মৃত্যু নিবন্ধন ছাড়া ভাতাভোগীর মৃত্যু হলে নতুন ভাতাভোগীকে প্রতিস্থাপন করা যাচ্ছে না। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসারের দৃষ্টি আর্কষণ করেন। আগামী ৩০ এপ্রিলের মধ্যে ভাতাভোগীদের পে-রোল প্রদান করা হবে। এছাড়াও বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | মৃত্যু নিবন্ধনের জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | ১) উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ২) ইউ.পি. চেয়ারম্যান (সকল) পীরগঞ্জ। |
| ১০ | পুলিশ বিভাগ | অফিসার-ইন-চার্জ, পীরগঞ্জ থানা'র প্রতিনিধি সভায় জানান যে, মোট রুজুকৃত মামলা ৩৯ টি। এছাড়াও বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | অপরাধ প্রবণতার ক্রম হ্রাসমান হার অব্যাহত রাখতে হবে। | অফিসার-ইন-চার্জ, থানা, পীরগঞ্জ। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১১ | উপজেলা খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক'র প্রতিনিধি সভায় নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন :<br>**পীরগঞ্জ :**<br>চাল আমন ২০২৩-২৪: ৫০১৮.৯৭০ মে:টন, চাল বোরো ফলিত ২০২৩: ৬৫৬.৫৬০ মে:টন। সর্বমোট চাল ৫৬৭৫.৫৩০ মে: টন, গম আমদানিকৃত ১৮.৪১৭ মে:টন ও সর্বমোট খালি বস্তা ১,২৩,৪২৬ খানা।<br>**ভোমরাদহ :**<br>চাল বোরো ২০২৩: ২৩৪.২৪৫ মে:টন, চাল আমন ২০২৩-২৪: ৩৯৬.৬৯০ মে:টন। সর্বমোট চাল ৬৩০.৯৩৫ মে: টন ও সর্বমোট খালি বস্তা ১৬,৫৯৪ খানা। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে। | **উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, পীরগঞ্জ।** |
| ১২ | উপজেলা ত্রাণ বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২৩-২৪ খ্রি: অর্থ বছরের ১ম ও ২য় পর্যায়ের টিআর, কাবিখা/কাবিটা প্রকল্পের কার্যক্রম শতভাগ শেষ হয়েছে। ৪০ দিনের কর্মসূচির ২য় পর্যায়ের কার্যক্রম চলমান রয়েছে। ৩য় পর্যায়ের টি.আর, কাবিখা/কাবিটা'র বরাদ্দ ইউনিয়ন ওয়ারী বিভাজন করে প্রকল্প চেয়ে পত্র দেওয়া হয়েছে। এছাড়াও বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে। | **উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, পীরগঞ্জ।** |
| ১৩ | উপজেলা মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন ঃ<br>**১) ভালনারেবল উইমেন বেনেফিট (ভিডব্লিউবি) কার্যক্রম :** এই কর্মসূচির আওতায় ২০২৩-২০২৪ চক্রের উপকারভোগী মোট ২৫৫৮ জন। এপ্রিল ২০২৪ মাসের ডিও প্রদান করা হয়েছে।<br>**২) মা ও শিশু সহায়তা তহবিল :** ২০২৩-২০২৪ অর্থবছরের "মা ও শিশু সহায়তা তহবিল" কর্মসূচির আওতায় জুলাই ২০২৩ হতে এপ্রিল ২০২৪ পর্যন্ত ০৯ মাসের মোট ৬৫৭ জন ভাতাভোগীর ডাটা এন্ট্রি সম্পন্ন হয়েছে।<br>**৩) মহিলাদের আত্মকর্মসংস্থানের জন্য ক্ষুদ্র ঋণ কার্যক্রম :** মহিলাদের আত্মকর্মসংস্থানের জন্য ক্ষুদ্র ঋণ কার্যক্রম এর আওতায় মোট ৩২১ জন মহিলাকে ঋণ প্রদান করা হয়েছে। ঋণ আদায়ের হার ৭৬%। ২০২২-২০২৩ অর্থবছরে ১০ জন ঋণ গ্রহিতাকে ৪,২০,০০০/- টাকা ঋণ প্রদান করা হয়। ঋণ আদায়ের হার ১০০%।<br>**৪) মহিলা প্রশিক্ষণ কেন্দ্র (WTC) :** "আধুনিক দর্জিবিজ্ঞান ও এমব্রয়ডারী" ট্রেডে এপ্রিল ২০২৪ হতে জুন ২০২৪ পর্যন্ত ৩০ (ত্রিশ) জন প্রশিক্ষণার্থীর প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে।<br>**৫) কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প :** অত্র উপজেলায় ১১ টি কিশোর কিশোরী ক্লাবের কার্যক্রম চলমান রয়েছে। জানুয়ারি ২০২৪ হতে ডিসেম্বর ২০২৪ পর্যন্ত ৪র্থ (চতুর্থ) ব্যাচে নতুন ক্লাব সদস্য ভর্তি করা হয়েছে। প্রতি ক্লাব সদস্যদের ৩০ টাকা | সকল ভাতা যেন নীতিমালা অনুযায়ী হয়, সে বিষয়ে মনিটরিং জোরদার করতে হবে। | **উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, পীরগঞ্জ।** |

| | | | | |
|---|---|---|---|---|
| | | হারে পুষ্টিকর/স্বাস্থ্যসম্মত নাস্তা সরবরাহ করা হচ্ছে। ১১ টি কিশোর কিশোরী ক্লাবে ১৭ মার্চ "জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্ম দিবস ও জাতীয় শিশু দিবস ২০২৪" উদযাপন এর লক্ষ্যে সকল প্রস্তুতি গ্রহণ করা হয়েছে।<br>৬) **উঠান বৈঠক/আলোচনা সভা :** যৌতুক, বাল্যবিবাহ, মানব পাচার এবং নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে সভা ও উঠান বৈঠক কার্যক্রম অব্যাহত আছে। এছাড়াও বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | | |
| ১৪ | উপজেলা জনস্বাস্থ্য বিভাগ | উপজেলা জনস্বাস্থ্য বিভাগের উপঃ সহকারি প্রকৌশলী সভায় জানান যে, ২০২২-২৩ খ্রিঃ অর্থ বছরের PEDP-4 প্রকল্পের আওতায় ৬২ টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে WASH BLOCK নির্মাণ কাজের অগ্রগতি ৬৫%। NNGPS প্রকল্পের আওতায় ০২ টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে WASH BLOCK নির্মাণ কাজের অগ্রগতি ৫৫%। ২০২২-২৩ খ্রিঃ অর্থ বছরের PSWSC প্রকল্পের আওতায় ২৬০ টি অগভীর নলকূপের মধ্যে ৪০ টি ৬নং হ্যান্ড পাম্পযুক্ত অগভীর তারা নলকূপ স্থাপন কাজের অগ্রগতি ৯৫%। ২০২৩-২৪ খ্রিঃ অর্থ বছরের PSWSC প্রকল্পের আওতায় ২৬০ টি অগভীর নলকূপের মধ্যে ২২০ টি ৬নং হ্যান্ড পাম্পযুক্ত অগভীর নলকূপ স্থাপন কাজের অগ্রগতি ৫০%। ২০২৩-২৪ খ্রিঃ অর্থ বছরের PSWSC প্রকল্পের আওতায় ২৬০ টি অগভীর নলকূপের মধ্যে ৪০ টি ৬নং হ্যান্ড পাম্পযুক্ত অগভীর তারা নলকূপ স্থাপন কাজের অগ্রগতি ০%। এছাড়া দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে। | **সহঃ প্রকৌশলী জনস্বাস্থ্য কর্মকর্তা, পীরগঞ্জ।** |
| ১৫ | উপজেলা সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, এ উপজেলা সমবায় বিভাগে আলোচ্য অডিট বর্ষে অডিট যোগ্য সমবায় সমিতির সংখ্যা বর্তমানে ১৯৩ টি। ইতিমধ্যে ২০২২-২০২৩ সালের বার্ষিক অডিট সম্পন্ন হয়েছে ৬০ টি। বিগত মাসে ৪৮ টি,বর্তমান মাসে ১২ টি। মোট ৬০ টি সমিতির অডিট সম্পন্ন হয়েছে। সমিতির তদারকী কার্যক্রম নিয়মিত করা হচ্ছে। প্রতি মাসে ০৪ টি সমিতি পরিদর্শন করা হয়। সমিতিগুলির ব্যবস্থাপনা কমিটি নিয়মিত করার লক্ষ্যে এ পর্যন্ত মোট ২০ টি সমিতির নির্বাচন কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করা হয়। বাকিগুলির নির্বাচন কার্যক্রম চলছে। উপজেলার বর্তমান বৎসরে ২৮ টি সমবায় সমিতি নির্বাচন অনুষ্ঠিত হবে। বর্তমান অর্থ বছরে (২০২১-২২) অডিট ফি (রাজস্ব) ১১১৬০০/-টাকা এবং সরকারি ভ্যাট ১৬৭৪৮/- টাকা সরকারি কোষাগারে ট্রেজারী চালানের মাধ্যমে জমা করা হয়। সমবায় উন্নয়ন তহবিল ১৭৭৫৫৩/- টাকা অনলাইন ডিডির মাধ্যমে জমা করা হয়। এছাড়াও অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। এছাড়াও জনগাঁও আশ্রায়ণ প্রকল্প ফেইজ- ২ প্রকল্পে, ৯৬ জন সদস্যের মাঝে ক্রমপুঞ্জিভূত = ১৫,৬৫,০০০/- টাকা বিভিন্ন ট্রেডে ক্ষুদ্র ঋণ বিতরণ করা হয়েছে। আলোচ্য মাসে আদায় আসল ০০ টাকা এবং সার্ভিজ চার্জ ০০ টাকা। মোট আসল আদায় ১০০১০৯৬/- টাকা এবং সাভির্স চার্জ ৮১৯১১/- টাকা। অনাদায়ী টাকা আদায়ের জোড় প্রচেষ্টা চলছে। আদায়ের শতকরা হার ৬৫%। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে। | **উপজেলা সমবায় কর্মকর্তা, পীরগঞ্জ।** |

<table>
<tr><td>১৬</td><td>উপজেলা যুব উন্নয়ন বিভাগ</td><td>উপজেলা সহঃ যুব উন্নয়ন কর্মকর্তা সভায় নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন :
<table>
<tr><td>মোটা ঋণ তহবিল</td><td>১৫৬৮৮৮৫০/-</td></tr>
<tr><td>চলতি অর্থ বছরে ঋণ বিতরণ</td><td>২৩০১০০০/-</td></tr>
<tr><td>চলতি অর্থ বছরে আদায়</td><td>১৮৪৭৪৫৩/-</td></tr>
<tr><td>চলতি আদায়ের হার</td><td>৯৮%</td></tr>
<tr><td>চলতি অর্থ বছরে ঋণীর সংখ্যা</td><td>৬০ জন</td></tr>
<tr><td>চলতি অর্থ বছরে প্রশিক্ষণ প্রাপ্ত</td><td>৪২০ জন</td></tr>
<tr><td>চলতি অর্থ বছরে আত্নকর্মি</td><td>৮১ জন</td></tr>
<tr><td>ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ</td><td>১৬১৭৯২৫০০/-</td></tr>
<tr><td>ক্রমপুঞ্জিত আদায়যোগ্য</td><td>১৫৯৭৬৮০২৫/-</td></tr>
<tr><td>ক্রমপুঞ্জিত আদায়</td><td>১৫৬৯৩৬৫২৭/-</td></tr>
<tr><td>ক্রমপুঞ্জিত আদায়ের হার</td><td>৯৮%</td></tr>
<tr><td>ক্রমপুঞ্জিত ঋণীর সংখ্যা</td><td>২৯৫২০ জন</td></tr>
<tr><td>ক্রমপুঞ্জিত প্রশিক্ষণ প্রাপ্ত</td><td>৯৮৬৩ জন</td></tr>
<tr><td>ক্রমপুঞ্জিত আত্নকর্মি</td><td>৪৮০২ জন</td></tr>
</table>
এছাড়া দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে।</td><td>চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে।</td><td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, পীরগঞ্জ।</td></tr>
<tr><td>১৭</td><td>উপজেলা পরিসংখ্যান বিভাগ</td><td>উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সভায় নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন :<br>১। ২৮ (আঠাশ ) টি অস্থায়ী ফসলের হিসাব নিরুপন ।<br>২। ৫ (পাঁচ ) টি স্থায়ী ফসলের হিসাব নিরুপন ।<br>৩। উপজেলায় ২য় পর্ব ৩২ টি দাগগুচ্ছ হতে তথ্য সংগ্রহ ।<br>৪। উপজেলা ৭ (সাত) আলু কর্তন কাজ সম্পন ও আলু আনুমানিক হিসাব নিরুপন।<br>৫। আলু ফসলের মুল্য ও উৎপাদন খরচ জরিপ ।<br>৬। সমগ্র উপজেলায় ১০ জন কৃষক অথবা কৃষি দিনমজুরের সাক্ষাৎকারের ভিত্তিতে মার্চ মাসের কৃষি দিনমজুরের হার নিরুপন ।<br>৭। সমগ্র উপজেলায় বোরো ফসলের ২য় পূর্বাভাস জরিপ (অংশ-২)<br>এছাড়া দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে।</td><td>চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে।</td><td>উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, পীরগঞ্জ।</td></tr>
<tr><td>১৮</td><td>উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ</td><td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন :
<table>
<tr><th>প্রকল্পের নাম</th><th>ক্র:পুঞ্জিভুত মোট বিতরণ</th><th>চলতি মাসে আদায়</th><th>ক্র:পুঞ্জিভুত মোট আদায়</th><th>খেলাপি/ আদায় যোগ্য</th><th>ক্র:পুঞ্জিভুত ঋণ আদায়ের হার</th><th>সদস্য সংখ্যা</th></tr>
<tr><td>পল্লী প্রগতি প্রকল্প</td><td>১৫৭.২৩</td><td>-</td><td>১২৬.৪০</td><td>১৪০.২২</td><td>৮৭%</td><td>৩৬৯</td></tr>
<tr><td>আবর্তক কৃষি</td><td>৬৯.২১</td><td>.৪১</td><td>৬০.৮৪</td><td>৪৬.১৬</td><td>১০০%</td><td>১১০</td></tr>
<tr><td>অসচ্ছল মুক্তিযোদ্ধা</td><td>২২.০৬</td><td>-</td><td>২২.৫০</td><td>১৫.৩৪</td><td>৮৭%</td><td>৭৫</td></tr>
<tr><td>গুচ্ছগ্রাম</td><td>৩.৭৫</td><td>-</td><td>৩.৩০</td><td>৩.৭৫</td><td>৮৮%</td><td>৫০</td></tr>
<tr><td>মোট</td><td>২৪৭.৭৯</td><td>.৪১</td><td>২১০.৩৬</td><td>২০৪.২০</td><td>৯২%</td><td>৬০০</td></tr>
</table>
এছাড়া দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে।</td><td>চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে।</td><td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, পীরগঞ্জ।</td></tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| ১৯ | উপজেলা বন বিভাগ | উপজেলা বন (ভারপ্রাপ্ত) কর্মকর্তা সভায় অনুপস্থিত। | আগামী সভা হতে নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | এসএফপিসি, পীরগঞ্জ। |
| ২০ | উপজেলা বরেন্দ্র বিভাগ | সহকারী প্রকৌশলী, বিএমডিএ, সভায় জানান যে, বর্তমানে মোট ২৬৬ টি সেচযন্ত্র মাঠে ব্যবহার হচ্ছে। এর মধ্যে গভীর নলকূপ ২১৩ টি, বিদ্যুৎ চালিত এলএলপি ৩৭ টি এবং সোলার এলএলপি ১৬টি। বিএমডিএ এর সেচের আওতায় প্রায় ২,৭২৫ হেক্টর জমিতে শাক সবজিসহ বিভিন্ন ফসল রয়েছে এবং প্রায় ৫,০৫০ হেক্টর জমিতে বোরো আবাদ চলমান রয়েছে। উপকারভোগী কৃষক পরিবার রয়েছে প্রায় ৮,২২৫ টি। চলতি বোরো মৌসুমে সেচযন্ত্রগুলি পরিচালনার নিমিত্তে বিভিন্ন সংস্কার কাজ চলমান রয়েছে। সর্বপরি বিএমডিএ, পীরগঞ্জ উপজেলা পরিচালিত সেচ পরিস্থিতি স্বাভাবিক এবং সন্তোষজনক রয়েছে। তিনি আরও জানান যে, "বৃহত্তর দিনাজপুর ও জয়পুরহাট জেলায় সেচ সম্প্রসারন প্রকল্পের আওতায় সোনাকুড়ি বিলের পানি নিস্কাশন কাজ শেষ হয়েছে। প্রকল্পটির অন্যান্য কার্যক্রমের মধ্যে চারটি সরকারি পুকুর খননের লক্ষ্যমাত্রা পাওয়া গেছে এবং জরিপ কাজ শেষ হয়েছে।<br>তিনি আরও জানান যে, জাবরহাট ইউনিয়নের পাঁচটি বিলের জলাবদ্ধতা দূরীকরণ পূর্বক বিলগুলিকে আবাদের আওতায় আনার জন্য প্রকল্প প্রস্তাব মন্ত্রণালয় বরাবরে পাঠানো হয়েছে। দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং করতে হবে। | সহঃ প্রকৌশলী বরেন্দ্র কর্মকর্তা, পীরগঞ্জ। |
| ২১ | উপজেলা আনসার ও ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা'র প্রতিনিধি সভায় জানান যে, দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং করতে হবে। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, পীরগঞ্জ। |
| ২২ | উপজেলা নির্বাচন বিভাগ | উপজেলা নির্বাচন কর্মকর্তা সভায় অনুপস্থিত। | আগামী সভা হতে নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা নির্বাচন কর্মকর্তা, পীরগঞ্জ। |
| ২৩ | পল্লী বিদ্যুৎ সমিতি, পীরগঞ্জ | ডিজিএম, পল্লীবিদ্যুৎ সমিতি সভায় জানান যে, তীব্র গরমের কারণে লোড শেডিং এর পরিমাণ কিছুটা বৃদ্ধি পেয়েছে। কৃষি কাজে পিক আওয়ারে (রাত্রি ১১ টা হতে সকাল ০৮ টা) বিদ্যুৎ ব্যবহার করার জন্য গ্রাহককে উদ্বুদ্ধ করা হচ্ছে। পীরগঞ্জ জোনাল অফিসের আওতায় ১০ টি ইউনিয়নের আওতায় ও পৌরসভায় ব্যাপক হারে ট্রান্সফরমার চুরি বৃদ্ধি পেয়েছে। ট্রান্সফরমার চুরি রক্ষায় গ্রাহকদের মধ্যে সচেতনতা বৃদ্ধির জন্য মাইকিং এর ব্যবস্থা করা হয়েছে এবং সেনসর বা ডিভাইস লাগানোর জন্য উদ্বুদ্ধ করা হচ্ছে। এছাড়াও দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ট্রান্সফরমার চুরি রোধে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | ডিজিএম, পল্লী বিদ্যুৎ, পীরগঞ্জ। |

| | | | | |
|---|---|---|---|---|
| ২৪ | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর উপজেলা কার্যালয় | সহকারি প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর সভায় জানান যে, "পাইথন প্রোগ্রামিং" প্রশিক্ষণ চলমান রয়েছে। তিনটি ব্যাচে ১৫ জন করে মোট ৪৫ জন মাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থী প্রশিক্ষণে অংশগ্রহণ করেছে। "হারপাওয়ার" প্রকল্পের ওমেন ই- কমার্স প্রফেশনাল কোর্সের প্রশিক্ষণার্থীবৃন্দ ল্যাপটপ পেয়েছেন। ১২ টি দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদের কার্যক্রম চলমান রয়েছে । এ সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য সরবরাহ করে তথ্য বাতায়ন হালনাগাদ করনকে ফলপ্রসূ করার জন্য বিভিন্ন দপ্তরের প্রতি অনুরোধ জানানো হয়। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক চলছে বলে সভায় জানানো হয় । | অতি শীঘ্রই সকল দপ্তরের পোর্টাল ১০০% হালনাগাদ করতে হবে। | ১) দপ্তর প্রধান (সকল) ২) সহকারি প্রোগ্রামার, পীরগঞ্জ। |
| ২৫ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি), স্থানীয় সরকার বিভাগ | ইউডিএফ সভায় জানান যে, ইউজিডিপি'র ৬ষ্ঠ পর্যায়ের (২০২১-২০২২) অর্থায়নে পীরগঞ্জ উপজেলা পরিষদ পীরগঞ্জ উপজেলা কর্তৃক বাস্তবায়িত অবকাঠামো উন্নয়ন উপ প্রকল্প দস্তমপুর বালিকা উচ্চ বিদ্যালয় এবং এসএন আর্দশ বালিকা উচ্চ বিদ্যালয়ের মহিলা শিক্ষিকা ও ছাত্রীদের জন্য ০২ টি ওয়াশ ব্লক নির্মাণ প্রকল্প ঠিকাদারী প্রতিষ্ঠান নির্মাতা কুশলী কর্তৃক সম্পন্ন করা হয়েছে। তাই, ঠিকাদারী প্রতিষ্ঠানকে ১ম ও চূড়ান্ত বিল প্রদান করা প্রয়োজন। অত:পর তিনি সভায় অনুমোদনের জন্য মাসিক সভায় উপস্থাপন করেন। যা, **পরিশিষ্ট - 'গ'** - তে দেখানো হলো। | উক্ত বিলের বিষয়ে উপস্থিত সদস্যগণ বিস্তারিত আলোচনা করেন এবং সকলের মতামতের ভিত্তিতে বিল অনুমোদন প্রদান করা হলো ও প্রয়োজনীয় ডকুমেন্টস তৈরী পূর্বক উক্ত বিল ইউজিডিপি প্রকল্প বাস্তবায়ন ইউনিট ঢাকা অফিসে প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হলো। | ১) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ২) উপজেলা নির্বাহী অফিসার ৩) উপজেলা প্রকৌশলী ৪) ইউডিএফ পীরগঞ্জ। |
| ২৬ | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স | স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সভায় জানান যে, গত মাসে পীরগঞ্জ উপজেলায় মোট আগুনের সংখ্যা- ১২ টি। আনুমানিক ক্ষতির পরিমাণ - ৫,৩০,০০০/-, আনুমানিক উদ্ধারের পরিমাণ - ১২,৫০,০০০/-। মোট দূর্ঘটনা- ০৯ টি, মোট আহত - ১৪ জন, নিহত-০০ জন। এছাড়াও বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনা হচ্ছে। | আগুন প্রবণতার ক্রম হ্রাসমান হার অব্যাহত রাখতে হবে। | স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, পীরগঞ্জ। |
| ২৭ | তথ্যসেবা কেন্দ্র | তথ্যসেবা আপা সভায় জানান যে, ডোর টু ডোর ৪৫০ জন সেবা গ্রহিতাকে সেবা প্রদান করা হয়েছে। তথ্যকেন্দ্রের কার্যক্রম চলমান রয়েছে। | উঠান বৈঠকের মাধ্যমে মাদকাশক্তি, কুরুচিপূর্ণ কথা/আচরণ, মোবাইল আশক্তি জুয়াসহ অন্যান্য খারাপ দিকগুলি ও নিরাপদ খাদ্য, আইনগত সহায়তাসহ অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয়ে জনগণের সচেতনতা বাড়াতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | উপজেলা তথ্যসেবা আপা, পীরগঞ্জ। |

উপজেলা ভাইস-চেয়ারম্যান জনাব সুকুমার রায় সভায়, সকল কমিটির কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

উপজেলা মহিলা ভাইস-চেয়ারম্যান জনাব ভারতী রাণী রায় সভায়, সকল দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

সভাপতি উপজেলা পরিষদ চেয়ারম্যান সভায়, সরকারি কর্মকর্তা-কর্মচারীদের সরকারি বিধি-বিধানের আলোকে জনগণের সেবায় নিয়োজিত থাকার জন্য আহবান জানান ও সকলের সুস্বাস্থ্য কামনা করেন।

আর অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ আখতারুল ইসলাম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

# পীরগঞ্জ উপজেলা পরিষদ
## পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
## https://pirganj.thakurgaon.gov.bd

নং- ৪৬.৫৫.৯৪৮২.০০৪.০৬.০০১.২৪-২৯(৫০)

তারিখঃ ১২ বৈশাখ ১৪৩১ / ২৫ এপ্রিল ২০২৪

**বিতরণ : সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য-৫, ঠাকুরগাঁও-৩।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৪। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
৫। জেলা প্রশাসক, ঠাকুরগাঁও।
৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, ঠাকুরগাঁও।
৭। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, ঠাকুরগাঁও।
৮। উপজেলা........................................................ (সকল) কর্মকর্তা, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
৯। চেয়ারম্যান,.......................................... (সকল) ইউ.পি. পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
১০। জনাব,.......................................................।

২৫/০৪/২০২৪
(মোঃ রমিজ আলম)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
পীরগঞ্জ উপজেলা পরিষদ
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।